সংবাদ

22 MAY 2013
পৃষ্ঠা ...১৬... কলাম ...৩...

কারাগারে আটক শিবির কর্মীকে পাস করিয়ে দেয়ার জের

# কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে উত্তেজনা একাডেমিক ভবনের ফটকে তালা

● ৪৮ ঘণ্টার আল্টিমেটাম ভিসিকে

জাহিদুর রহমান, কুমিল্লা

কুমিল্লায় ভয়াবহ রেল নাশকতার ঘটনায় গ্রেফতার হয়ে কারাগারে আটক থাকা শিবিরকর্মী আতাউল্লাহ বোখারী নামের কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের এক ছাত্রকে পরীক্ষায় অবৈধভাবে পাস করিয়ে দেয়ার অভিযোগে মশিউর রহমান নামের এক শিক্ষককে অপসারণসহ শাস্তির দাবিতে গতকাল দ্বিতীয় দিনের মতো বিশ্ববিদ্যালয়ে আন্দোলন করে বিক্ষুব্ধ শিক্ষার্থীরা। এ সময় তারা ক্যাম্পাসে ৩টি একাডেমিক ভবনে ও বিশ্ববিদ্যালয়ের প্রধান ফটকে তালা লাগিয়ে এবং টায়ার জ্বালিয়ে বিক্ষোভ প্রদর্শন করে। ৪৮ ঘণ্টার মধ্যে অভিযুক্ত শিক্ষকের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা না হলে পরবর্তীতে লাগাতার ধর্মঘটের আলটিমেটাম দিয়েছে বিক্ষুব্ধ শিক্ষার্থীরা। জানতে চাইলে কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের ভিসি ড. আমির হোসেন খান জানান, এ বিষয়ে তদন্তপূর্বক ব্যবস্থা গ্রহণের জন্য একটি কমিটি গঠন করা হবে।

জানা গেছে, গত ২ এপ্রিল ভোর রাতে ঢাকা-চট্টগ্রাম রেলপথের কুমিল্লার সদর দক্ষিণের শ্রীমন্তপুর এলাকায় রেললাইনে কুমিল্লা : পৃষ্ঠা : ২ কঃ ৪

## কুমিল্লা : বিশ্ববিদ্যালয়

(১২ পৃষ্ঠার পর)

ভয়াবহ নাশকতার ঘটনায় জড়িত থাকার সন্দেহে কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের লোকপ্রশাসন বিভাগের মো. আতাউল্লাহ বোখারী নামের এক ছাত্রকে পুলিশ ৪ এপ্রিল রাতে গ্রেফতার করে পরদিন কুমিল্লা কেন্দ্রীয় কারাগারে প্রেরণ করে। ওই মামলায় গতকাল পর্যন্ত ওই ছাত্র কারাগারে আটক রয়েছে। এদিকে, ওই বিভাগের সহকারী অধ্যাপক মো. মশিউর রহমান কর্তৃক গত ১৪ মে ঘোষিত রুরাল ডেভেলপমেন্ট ইন বাংলাদেশ বিষয়ের উত্তীর্ণ ৪০ নম্বরের পরীক্ষায় কারাগারে আটক আতাউল্লাহ বোখারী অংশগ্রহণ করতে না পারলেও অবৈধভাবে নম্বর প্রদান করে তাকে পাস করিয়ে দেয়া হয়। নোটিশ বোর্ডে ওই ছাত্রের ফলাফল দেখে বিস্মিত হন শিক্ষার্থীরা। এ ঘটনার প্রতিবাদে ওই শিক্ষকের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য গত শনিবার থেকে আন্দোলনে নামে শিক্ষার্থীরা। ওইদিন শিক্ষার্থীরা একটি অভিযোগ ভিসির নিকট দাখিল করে এবং ছাত্রদের একটি প্রতিনিধিদল রেলমন্ত্রী মুজিবুল হক এমপির কুমিল্লাস্থ বাসভবনে গিয়ে তার সঙ্গে দেখা করে বিষয়টি অবহিত করে। পরদিন ক্ষুব্ধ শিক্ষার্থীরা লোকপ্রশাসন বিভাগে তালা লাগিয়ে ক্লাস ও পরীক্ষা বর্জন করে এবং আরও একটি অভিযোগ বিশ্ববিদ্যালয় রেজিস্ট্রারের নিকট জমা দেয়। এতেও বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ওই শিক্ষক মো. মশিউর রহমানের বিরুদ্ধে কোন ব্যবস্থা না নেয়ায় ক্ষুব্ধ শিক্ষার্থীরা গতকাল সকালে বিশ্ববিদ্যালয়ের ৩টি একাডেমিক ভবনসহ প্রধান ফটকে তালা লাগিয়ে ও ক্যাম্পাসে টায়ার জ্বালিয়ে বিক্ষোভ প্রদর্শন করে। একপর্যায়ে দুপুরে ভিসির পক্ষে প্রক্টর ও বিভিন্ন বিভাগের ডিনসহ শিক্ষকদের একটি প্রতিনিধিদল বিক্ষুব্ধ শিক্ষার্থীদের সঙ্গে কথা বলেন। এ সময় ছাত্রনেতা মাহমুদুর রহমান মাসুম, সৈয়দ শাহরিয়ার মাহমুদসহ ছাত্র নেতারা ৪৮ ঘণ্টার মধ্যে ওই শিক্ষকের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের দাবি জানায়। অন্যথায় তারা ওই সময়ের পর থেকে লাগাতার ধর্মঘট চালিয়ে যাবে বলে ঘোষণা দেয়। এ সময় শিক্ষক নেতারা ঘটনার সুষ্ঠু তদন্তপূর্বক ব্যবস্থা গ্রহণের আশ্বাস দিলে শিক্ষার্থীরা তাদের আন্দোলন স্থগিত করে। এতে গতকাল দুপুর ২টা পর্যন্ত এ বিশ্ববিদ্যালয়ে ক্লাস, পরীক্ষা ও একাডেমিক কার্যক্রম বন্ধ থাকে।